গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০১.২৬- ১৪৮

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩ / ২২ জুন ২০২৬

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০২৬ -এর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৫.২৬১, তারিখ: ১ জুন ২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের স্বাস্থ্য সেবা বিভাগ সম্পর্কিত জেলা প্রশাসক সম্মেলন ২০২৬-এর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (monitor@hsd.gov.bd) প্রশাসন-৪ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২৯৫৭৭৯৮৯
ই-মেইল-monitor@hsd.gov.bd

**বিতরণ: স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তাবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
২। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
৩। উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
৫। সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;

**বিতরণ: অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ ঔষধ প্রশাসন অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা;
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা;
৪। ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা;
৫। পরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক (হাসপাতাল) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য উইং, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
৮। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা ;
৯। সিভিল সার্জন, (সকল)..................

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৫.২৬১

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১ জুন ২০২৬

বিষয়: জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এ **স্বাস্থ্য সেবা বিভাগ সম্পর্কিত** নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

**ক) স্বল্পমেয়াদি সিদ্ধান্ত (১ বছরের মধ্যে বাস্তবায়নযোগ্য)**
১। কমিউনিটি ক্লিনিকে টেলিমেডিসিন কার্যক্রম চালু করতে হবে। (জেলা প্রশাসক, গাজীপুর)
২। ইউনিয়ন উপস্বাস্থ্যকেন্দ্রসমূহ পুনর্নির্মাণ/মেরামতকরণ, জনবল ও পর্যাপ্ত ওষুধ সরবরাহ করতে হবে। (জেলা প্রশাসক, গাজীপুর)
৩। উপজেলা পর্যায়ে সরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্রে এন্টিভেনমের ব্যবস্থা করতে হবে। (জেলা প্রশাসক, চট্টগ্রাম ও টাঙ্গাইল)
৪। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহে অন্তত একটি সচল অ্যাম্বুলেন্স নিশ্চিত করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, নেত্রকোণা)
৫। ডেঙ্গু মহামারি মোকাবেলায় বরগুনা জেলায় পর্যাপ্ত চিকিৎসক, নার্স ও ওষুধ সরবরাহ করতে হবে। (জেলা প্রশাসক, বরগুনা)
৬। কমিউনিটি ক্লিনিকের নিয়মিত মেরামত ও সংস্কারের লক্ষ্যে অর্থ বরাদ্দের পদক্ষেপ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, মাগুরা)
৭। ডায়াগনস্টিক সেন্টারে মেডিকেল টেস্ট ফি নির্ধারণপূর্বক নীতিমালা প্রণয়ন করতে হবে। (জেলা প্রশাসক, মাগুরা)
৮। রাঙ্গামাটি পার্বত্য জেলায় কাপ্তাই লেক সংলগ্ন উপজেলাসমূহে ওয়াটার অ্যাম্বুলেন্স (চালক ও জ্বালানিসহ) বরাদ্দ প্রদান করতে হবে। (জেলা প্রশাসক, রাঙ্গামাটি)

**(খ) মধ্যমেয়াদি সিদ্ধান্ত (৩ বছরের মধ্যে বাস্তবায়নযোগ্য)**
১। বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ, মুলাদী ও হিজলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ড্রাইভার ও জ্বালানিসহ নৌ-অ্যাম্বুলেন্স সরবরাহ করতে হবে। (জেলা প্রশাসক, বরিশাল)
২। ঝালকাঠি জেলায় ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করতে হবে। (জেলা প্রশাসক, ঝালকাঠি)
৩। ১০০ শয্যাবিশিষ্ট শেরপুর জেলা হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নীতকরণে বাজেট কোড ১২৭০২ থেকে ২১০ কোডে রূপান্তর করতে হবে। (জেলা প্রশাসক, শেরপুর)
৪। হাসপাতাল ও ক্লিনিকের চিকিৎসা বর্জ্য ও পয়ঃবর্জ্যের বিজ্ঞানসম্মত পরিশোধনাগার নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, ঝিনাইদহ)
৫। জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি হাসপাতালে প্রবীণদের জন্য আলাদা ব্যবস্থা করতে হবে। (জেলা প্রশাসক, কিশোরগঞ্জ)
৬। পিরোজপুর জেলায় নৌ-অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করতে হবে। (জেলা প্রশাসক, পিরোজপুর)
৭। উলিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০০ শয্যায় উন্নীতকরণ ও জনবল অনুমোদন করতে হবে। (জেলা প্রশাসক, কুড়িগ্রাম)
৮। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য স্বাস্থ্য বীমা চালু এবং বাৎসরিক বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করতে হবে। (জেলা প্রশাসক, কুমিল্লা)

**গ) দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত (৫ বছরের মধ্যে বাস্তবায়নযোগ্য)**
১। টাঙ্গাইল মেডিকেল কলেজ ও হাসপাতালে পূর্ণাঙ্গ চিকিৎসা সেবা নিশ্চিত করতে জনবল নিয়োগ, অ্যাম্বুলেন্স প্রদান, সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই ব্যবস্থা চালু এবং গ্যাস সংযোগ প্রদান করতে হবে। (জেলা প্রশাসক, টাঙ্গাইল)
২। টাঙ্গাইল জেলার সদর ও ভূঞাপুর উপজেলার চরাঞ্চলের রোগীদের জন্য স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, টাঙ্গাইল)
৩। সরকারি কর্মকর্তাদের জন্য স্বাস্থ্য বিমা চালুর উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, রাজবাড়ী)
৪। রংপুর বিভাগে ১,০০০ (এক হাজার) শয্যাবিশিষ্ট সরকারি হাসপাতাল চালু করতে হবে। (কমিশনার, রংপুর বিভাগ)
৫। বরগুনা ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে আইসিইউ ইউনিট চালু করতে হবে। (জেলা প্রশাসক, বরগুনা)
৬। মদন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিত্যক্ত পুরাতন হাসপাতাল ভবন পুনর্নির্মাণ করতে হবে। (জেলা প্রশাসক, নেত্রকোণা)
৭। জনবল নিয়োগসহ কমিউনিটি ক্লিনিক মেরামত/সংস্কারের পদক্ষেপ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, জামালপুর)
৮। স্বাস্থ্যসেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ২৫০ শয্যাবিশিষ্ট সদর হাসপাতালের চিকিৎসকদের জন্য ডক্টরস কোয়ার্টার এবং নার্সেস কোয়ার্টার নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, সুনামগঞ্জ)
৯। বাহুবল উপজেলাধীন ট্রমা সেন্টারে প্রয়োজনীয় জনবল নিয়োগ করতে হবে। (জেলা প্রশাসক, হবিগঞ্জ)
১০। মৌলভীবাজার জেনারেল হাসপাতালকে ৫০০ শয্যায় উন্নীত করতে হবে। (জেলা প্রশাসক, মৌলভীবাজার)
১১। কুড়িগ্রাম জেলার উলিপুর, চিলমারী, নাগেশ্বরী, ফুলবাড়ী, রাজারহাট, ভূরুঙ্গামারী, চর রাজিবপুর ও রৌমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হাসপাতাল পুনর্নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, কুড়িগ্রাম)
১২। কুড়িগ্রামের চরাঞ্চলের হাসপাতালে নৌ-অ্যাম্বুলেন্স ও জনবলের ব্যবস্থা করতে হবে। (জেলা প্রশাসক, কুড়িগ্রাম)
১৩। ঠাকুরগাঁও জেলায় ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে আইসিইউ ও সিসিইউ-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, ঠাকুরগাঁও)
১৪। সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলায় ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ)
১৫। ২৫০ শয্যাবিশিষ্ট মোহাম্মদ আলী জেলা হাসপাতাল, বগুড়ায় নতুন ১০ তলাবিশিষ্ট ভবন নির্মাণ এবং আইসিইউ ও সিসিইউ স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, বগুড়া)

১৬। জেলা পর্যায়ে মানসিক স্বাস্থ্যসেবার উন্নয়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থার উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, ঝিনাইদহ)
১৭। স্ট্যান্ডার্ড সেটআপ অনুযায়ী কনসালট্যান্ট ও মেডিকেল অফিসার পদায়ন এবং জনবল, অবকাঠামো ও পর্যাপ্ত নিরাপত্তা প্রহরী নিয়োগ/পদায়ন করতে হবে। (জেলা প্রশাসক, সাতক্ষীরা)
১৮। সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালের অভ্যন্তরে 'ক্যান্সার শনাক্তকরণ ও নিরাময় কেন্দ্র' স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, সাতক্ষীরা)
১৯। বান্দরবান পার্বত্য জেলায় ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল দ্রুত চালুকরণের জন্য জনবল নিয়োগের ব্যবস্থা করতে হবে। (জেলা প্রশাসক, বান্দরবান)
২০। লামা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০০ শয্যায় উন্নীতকরণে উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, বান্দরবান)
২১। দুর্গম পার্বত্য অঞ্চলে মাঠপর্যায়ে স্বাস্থ্য ব্যবস্থাপনায় স্বাস্থ্য সহকারীর পদ সৃজন এবং যৌক্তিক কর্ম-এলাকা নির্ধারণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, রাঙ্গামাটি)
২২। দুর্গম পার্বত্য অঞ্চলে খাগড়াছড়ি পার্বত্য জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যায় উন্নীত করতে হবে। (জেলা প্রশাসক, খাগড়াছড়ি)
২৩। সিলেট বিভাগের জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি হাসপাতালের ডাক্তার ও নার্সদের আবাসন নিশ্চিত করতে পর্যাপ্ত আবাসিক কোয়ার্টার নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (কমিশনার, সিলেট বিভাগ)
২৪। নবনির্মিত ১৫০ শয্যার হাসপাতালের জন্য জনবলের পদ সৃষ্টি ও পদায়ন করতে হবে। (জেলা প্রশাসক, পঞ্চগড়)
২৫। জেলা ও উপজেলা হাসপাতালে অর্গানোগ্রাম অনুযায়ী জনবল নিয়োগ প্রদান করতে হবে। (জেলা প্রশাসক, নাটোর)
২৬। ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩-এর তফসিলের ক্রমিক নং ১-৫ মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর তফসিলভুক্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, বরগুনা)
২৭। ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে ল্যাব চালুকরণ ও সিটসংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, ফরিদপুর)
২৮। চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার আলাতুলি ও নারায়ণ এবং শিবগঞ্জ উপজেলার পাঁকা ও উজিরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ কেন্দ্র পুনর্নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ)

এমতাবস্থায়, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এ **স্বাস্থ্য সেবা বিভাগ সম্পর্কিত** সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন **প্রতি মাসের ১০ তারিখের মধ্যে** উপসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগে **RMS**-এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


০৫-০৬-২০২৬
মোঃ মামুন
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৮৬
ফ্যাক্স : ৯৫৭৩৫৩৩
ইমেইল : faco_sec@cabinet.gov.bd


সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৫.২৬১/১ (১)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**
মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।


০৫-০৬-২০২৬
মোঃ মামুন
উপসচিব